

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, আগস্ট ৩, ২০০৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নৌ-পরিবহন মন্ত্রণালয়

টিএ শাখা

প্রজ্ঞাপন

তারিখ, ১৭ শ্রাবণ ১৪১৩/১ আগস্ট ২০০৬

এস, আর, ও নং ১৯২-আইন/২০০৬ — Ports Act, 1908 (XV of 1908) এর—

- (ক) section 4 এর sub-section (1) (a) এবং (2) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্ন তফসিলে বর্ণিত এলাকাকে ছাতক নদী বন্দরের সীমানা নির্ধারণপূর্বক উক্ত নদী বন্দরের ক্ষেত্রে উক্ত Act এর বিধানাবলীর প্রয়োগ বিস্তৃত করিল; এবং
- (খ) section 7 এর sub-section (1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষকে ছাতক নদী বন্দরের সংরক্ষক নিযুক্ত করিল, যথা :—

তফসিল

ছাতক নদী বন্দরের সীমানা

উত্তর সীমানা

ঃ সুরমা নদীর বাম তীরে সুনামগঞ্জ জেলার ছাতক উপজেলার ইসলামপুর ইউনিয়নের গোয়ালগাঁও গ্রাম এবং তান তীরে সিলেট জেলার কোম্পানীগঞ্জ উপজেলার রানিখালী ইউনিয়নের ডেকটীবাড়ী (ইছাকলস) গ্রামের নদী তীরের মসজিদ এর পাশ দিয়ে উত্তর-দক্ষিণ বরাবর $৯১^{\circ}৪১'০০''$ পূর্ব দ্রাঘিমা রেখা পর্যন্ত এবং (সুরমার শাখা নদী) সুনামগঞ্জ জেলার ছাতক উপজেলার ইসলামপুর ইউনিয়নের গনেশপুর গ্রাম এবং শাখা নদীর উপর দিয়ে পূর্ব-পশ্চিম বরাবর $২৫^{\circ}০২'৩৮''$ উত্তর অক্ষাংশ রেখা পর্যন্ত।

(৭৩৭১)

মূল্য : টাকা ২.০০

দক্ষিণ-পশ্চিম সীমানা	: সুরমা নদীর বাম তীরে সুনামগঞ্জ জেলার ছাতক উপজেলার নোয়ারাই ইউনিয়নের কারাইলগাঁও (চরপাড়া মদ্রাসা) ও ডান তীরে ছাতক ইউনিয়নের উত্তর ব্রাক্ষণগাঁও (মাচুয়াখালী) গ্রাম ও নদীর উপর দিয়ে উত্তর-দক্ষিণ বরাবর $৯১^{\circ}৩৮'১৫''$ পূর্ব দ্রাঘিমা রেখা পর্যন্ত।
দক্ষিণ ও পূর্ব সীমানা	: সুরমা নদীর (সিলেটগামী) ডান তীরে সুনামগঞ্জ জেলার ছাতক উপজেলার ছাতক ইউনিয়নের মন্ডলীভোগ গ্রাম ও বাম তীরে সিলেট জেলার কোম্পানীগঞ্জ উপজেলার রানিখালী ইউনিয়নের ডেকচীবাড়ী গ্রামের উপর দিয়ে পূর্ব-পশ্চিম বরাবর $২৫^{\circ}০২'১০''$ উত্তর অক্ষাংশ রেখা পর্যন্ত।
ভূ-ভাগের সীমানা (Fore shore limit)	: উপরোক্ত বন্দর সীমানার আওতায় নদীর উভয় তীরে সর্বোচ্চ পানি সমতল হতে ভূ-ভাগের দিকে ৫০ (পঞ্চাশ) মিটার পর্যন্ত বিস্তৃত।

রাষ্ট্রপতির আদেশক্রমে

কাজী মেরাজ হোসেন
সিনিয়র সহকারী সচিব।

মোঃ নূর-নবী (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।